কারও ধর্মীয় বিশ্বাসে আঘাত হানা যাবে না : ওবায়দুল কাদের

চেম্বার ডেস্ক :: কারও ধর্মীয় বিশ্বাসে আঘাত হেনে কিছু না লেখার আহ্বান জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সড়ক পরিবহন এবং সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজবের বিষয়ে সবাইকে সচেতন থাকার আহ্বান জানিয়েছেন।

ওবায়দুল কাদের বলেছেন, আমরা ঐতিহ্যগত সব ধর্মের মানুষের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সহাবস্থান করছি। কারও ধর্মীয় বিশ্বাসে আঘাত হানা যাবে না।

বুধবার সংসদ ভবন এলাকায় নিজের সরকারি বাসভবন থেকে এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে তিনি এ আহ্বান জানান।

ওবায়দুল কাদের বলেন, আমরা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করেছি - সম্প্রতি ধর্মীয় ইস্যুসহ নানান ইস্যুতে সামাজিক যোগাযোগমাধ্যমে একটি মতলবি -মহল উদ্দেশ্যমূলক গুজব ছড়াচ্ছে, রাষ্ট্র ও সরকারের বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে। তারা সামাজিক শান্তি, স্বস্তি এবং আমাদের ঐতিহ্যগত সব ধর্মের মানুষের বন্ধুত্বপূর্ণ সহাবস্থান নষ্ট করতে চায়। এসব মিথ্যা প্রচারণা নিঃসন্দেহে শাস্তিযোগ্য অপরাধ।

মন্ত্রী বলেন, সম্প্রতি লালমনিরহাটের পাটগ্রাম এবং কুমিল্লার মুরাদনগরে দুটি ঘটনা অত্যন্ত দুঃখজনক। আমাদের প্রতিটি ধর্মের প্রতি শ্রদ্ধাশীল হতে হবে। হতে হবে পরধর্ম সহিষ্ণু। কেউ কারও ধর্মবিশ্বাসে আঘাত করে বা কটাক্ষ করে পোস্ট দেয়া প্রত্যাশিত নয়। এ ধরনের উসকানিমূলক পোস্ট শাস্তিযোগ্য অপরাধ।

[illegible]